



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারকনং-৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৬.১৮-

তারিখ : .১০.২০২২খ্রি.

### অফিস আদেশ

ফুলবাড়ীয়া সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ বিগত ২৯/১০/২০১৮ তারিখ হতে জাতীয়করণ করায় এবং বিদ্যালয়টিতে প্রধান শিক্ষক না থাকায় সহকারী প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ আবু ওবায়দা কে প্রতিষ্ঠান জাতীয়করণের তারিখ হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি তাঁর নিজের এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

#### শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠ সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
  - (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
  - (গ) দায়িত্বে থাকাকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
  - (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত

(এস এম জিয়াউল হায়দার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

তারিখ : ২৩.১০.২০২২খ্রি.

স্মারকনং-৩৭.০২.০০০০. ১০৬.৩৪.০০৬.১৮-৭০৭(২)

#### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ;
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ;
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ০৫। উপজেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ;
- ০৬। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ফুলবাড়ীয়া সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ;
- ০৭। জনাব .....
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৯। সংরক্ষণ নথি।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

☎ ৯৫৬১২৫৪

email: addshesecondary1@gmail.com

২৩/১০/২২